

৩৭/১১/২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
website: www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০০৭.১৮.০৩৫.১৫-২১৬৮

তারিখঃ ১৭ কার্তিক ১৪২৩
০১ নভেম্বর ২০১৬

পরিপত্র


বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনের টিকিট ফেরতের সার্ভিস চার্জ কর্তনের হার পুনর্নির্ধারণ।

বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনের টিকিট ফেরত প্রসঙ্গে এ মন্ত্রণালয়ের ০৬.০৯.২০১৬ তারিখে জারিকৃত ৫৪.০০.০০০০.০০৭.১৮.০৩৫.১৫. ১৯৭১ নং পরিপত্রটি আংশিক সংশোধনক্রমে সার্ভিস চার্জ কর্তনের হার নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো :

যাত্রা আরম্ভের ১২০ ঘন্টার বেশি সময়ের ক্ষেত্রে	এসি শ্রেণিতে ২৫ টাকা, প্রথম শ্রেণিতে ২০ টাকা ও অন্যান্য শ্রেণিতে ১৫ টাকা কর্তনযোগ্য।
যাত্রা আরম্ভের ১২০ ঘন্টার কম ও ৯৬ ঘন্টার বেশি সময়ের ক্ষেত্রে	ভাড়ার ৫০% কর্তনযোগ্য।
যাত্রা আরম্ভের ৯৬ ঘন্টার কম ও ৭২ ঘন্টার বেশি সময়ের ক্ষেত্রে	ভাড়ার ৭৫% কর্তনযোগ্য।
যাত্রা আরম্ভের ৭২ ঘন্টার কম সময়ের ক্ষেত্রে	কোন টিকিট ফেরত হবে না।

০২। উপরোল্লিখিত হার আন্তঃনগর ট্রেনের টিকিটের অপর পার্শ্বে নিয়মাবলীতে লিপিবদ্ধ থাকবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো।


০১/১১/২০১৬

(মাছুমা নাছরিন)

(পরিচিতি নম্বর: ১৫১৭০)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৯০০৮

ই-মেইল: admin1@mor.gov.bd

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ০৫। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ০৬। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
- ০৭। মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৮। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- ০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ'সহ)
- ১০। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ'সহ)।